



কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)

CONSUMERS ASSOCIATION OF BANGLADESH (CAB)

বাড়ী নং- ৮/৬ সেগুন বাগিচা
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৮৮-০২-৯৫৬২৮৫৮
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৭৭৫৪২

E-mail : cabdhaka2013@gmail.com
Website : www.consumerbd.org

HOUSE NO. 8/6 SEGUNBAGICHA
DHAKA-1000, BANGLADESH
PHONE : 88-02-9562858
FAX : 88-02-9577542

তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর উদ্যোগে আজ ২৫ ফেব্রুয়ারি ২০২১ বৃহস্পতিবার সকাল ১১ টায় ঢাকায় জাতীয় প্রেস ক্লাবের সামনে খাদ্যপণ্যে ক্ষতিকর ট্রান্স ফ্যাট নিয়ন্ত্রণের জন্য দ্রুত বিধিমালা প্রণয়ন ও বাস্তবায়নের দাবিতে একটি মানব বন্ধন অনুষ্ঠিত হয়।

মানব বন্ধনে বক্তারা বলেন, শিল্পোৎপাদিত ট্রান্স ফ্যাট মানবদেহের জন্য ক্ষতিকর। উচ্চমাত্রায় ট্রান্স ফ্যাট গ্রহণে হৃদরোগজনিত মৃত্যু ঝুঁকি বৃদ্ধি করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেব অনুযায়ী বিশ্বে প্রতি বছর ১ কোটি ৭৯ লক্ষ মানুষ হৃদরোগে মৃত্যুবরণ করে, যার মধ্যে প্রায় সাড়ে পাঁচ লক্ষ মানুষ শিল্পোৎপাদিত ট্রান্স ফ্যাট গ্রহণের কারণে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যায়। বাংলাদেশেও প্রতিবছর প্রায় ২ লক্ষ ৭৭ হাজার মানুষ হৃদরোগে মৃত্যুবরণ করেন, যা অত্যন্ত উদ্বেগজনক। সকল খাদ্যপণ্যে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর ট্রান্স ফ্যাটের পরিমাণ বিশ্ব স্বাস্থ্য সংস্থার অনুসরণীয় মাত্রা অনুযায়ী মোট ফ্যাট বা তেলের সর্বোচ্চ ২% নির্ধারণ করেছে। অথচ শিল্পোৎপাদিত ট্রান্স ফ্যাটের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষার জন্য বাংলাদেশে এখন পর্যন্ত কোনো আইন বা নীতিমালা নেই।

বক্তারা আরও বলেন, আমাদের দেশে এক গবেষণায় দেখা গেছে যে, ঢাকার শীর্ষস্থানীয় পিএইচও ব্র্যান্ডসমূহের নমুনায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশকৃত মাত্রার চাইতে প্রায় ১০ গুণ পর্যন্ত বেশী ট্রান্স-ফ্যাট আছে। মানব বন্ধনে খাদ্যপণ্যে ট্রান্স ফ্যাট নির্মূলের জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ-কে প্রয়োজনীয় বিধিমালা দ্রুত প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দাবি জানানো হয়।

মানব বন্ধনে দেশে ট্রান্স ফ্যাট নির্মূলের জন্য ৯ দফা দাবি তুলে ধরা হয়। যেগুলো হলো: সব ধরনের ফ্যাট, তেল ও খাদ্যপণ্যে ট্রান্স ফ্যাটের সর্বোচ্চ সীমা মোট ফ্যাটের ২ শতাংশ নির্ধারণ করা; ট্রান্স ফ্যাটের প্রধান উৎস ডালডা/বনস্পতি এর উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ এবং ব্যবহার পর্যায়ক্রমে নিষিদ্ধ করা; খাদ্যপণ্যের মোড়কে ট্রান্স ফ্যাটের পরিমাণ উল্লেখ বাধ্যতামূলক করা; ট্রান্স ফ্যাটমুক্ত খাদ্যপণ্যের জন্য সুনির্দিষ্ট লোগো প্রণয়ন এর ব্যবহার বাধ্যতামূলক করা; বিভ্রান্তিকর বা মিথ্যা তথ্য দিয়ে ভোক্তাদের সাথে প্রতারণা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা; খাদ্যপণ্যে ট্রান্স ফ্যাটের মাত্রা পরিমাপের জন্য প্রয়োজনীয় লোকবলসহ আধুনিক ল্যাবরেটরি/যন্ত্রপাতি স্থাপন করা; খাদ্যপণ্যে ট্রান্স ফ্যাট পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য নিয়মিতভাবে মান যাচাই/পরীক্ষা পূর্বক প্রাপ্ত ফলাফল ভোক্তাসাধারণের অবগতির জন্য ওয়েবসাইটে উন্মুক্ত রাখা ও ট্রান্স ফ্যাটের স্বাস্থ্য ঝুঁকি সম্পর্কে ভোক্তাসাধারণকে সচেতন করতে ব্যাপক প্রচার কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করা।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্যাব-এর সাধারণ সম্পাদক এডভোকেট হুমায়ূন কবীর ভূঁইয়া, ক্যাবের বিনাইদহ জেলা কমিটির সভাপতি অধ্যক্ষ আমিনুর রহমান টুকু, ক্যাবের প্রোগ্রাম কো-অর্ডিনেটর আহম্মদ একরামুল্লাহ, প্রজ্ঞার প্রজেক্ট কো-অর্ডিনেটর মাহমুদ আল ইসলাম শিহাব, বাংলাদেশ মুঠোফোন গ্রাহক এসোসিয়েশন এর সভাপতি মহিউদ্দিন আহমেদ, ক্যাব-এর প্রজেক্ট কো-অর্ডিনেটর খন্দকার তৌফিক আলহোসাইনী, ক্যাবের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, সুধী সমাজের প্রতিনিধিবৃন্দ ও ছাত্র-ছাত্রীবৃন্দ।

বার্তা প্রেরক

(আনোয়ার পারভেজ)

তথ্য কর্মকর্তা, ক্যাব।

মোবাইল : ০১৭১৬৩১৪৬২৯